



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ২৫.০৩.২০২৫ খ্রি.

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদনের সময় ১৫ এপ্রিল ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রাথমিক আবেদন কার্যক্রম নিম্নোক্ত ছক মোতাবেক সম্পন্ন করার জন্য শিক্ষার্থীদের নির্দেশ দেয়া হলো।

শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইন আবেদনের সর্বশেষ তারিখ ১৫.০৪.২০২৫ খ্রি. রাত ১২ টা পর্যন্ত প্রাথমিক আবেদন ফি “সোনালী ই-সেবা” এর মাধ্যমে টাকা জমাদানের সর্বশেষ তারিখ : ১৫.০৪.২০২৫ খ্রি. রাত ১২ টা পর্যন্ত


কলেজ ওয়েবসাইটে ফরম জমাদানের সর্বশেষ তারিখ:

১৫.০৪.২০২৫ খ্রি, রাত ১২ টা পর্যন্ত

“সোনালী ই-সেবায় টাকা (৭০০/- জমাদানের লিংক

<https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে "Application Fee" বাটন ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তি ফি পরিশোধ করতে হবে। ভর্তি ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ শিক্ষার্থী সংরক্ষণ করবে।

- ✓ যেসকল শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করেছে কিন্তু কলেজ ওয়েবসাইটে আপলোড করেনি বা করতে পারেনি তাদেরকে আগামী ১৫.০৪.২০২৫ তারিখ এর মধ্যে কলেজ ওয়েবসাইটে আবেদন ফরম আপলোড করার জন্য বলা হলো।
 - ✓ যেসকল শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করেছে এবং কলেজ ওয়েবসাইটেও আপলোড করেছে কিন্তু তাদের মোবাইলে Confirmation Message যায়নি তাদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরমে উল্লেখিত Application ID ও Pin Number দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (Applicant Login) লগ ইন করে চেক করার জন্য বলা হলো। যদি প্রাথমিক আবেদন নিশ্চায়ন করা না হয়ে থাকে তাহলে কলেজের কম্পিউটার শাখায় যোগাযোগ করার জন্য বলা হলো।
 - ✓ যদি কোন শিক্ষার্থীর এ সংক্রান্ত কোন ভুল পরিলক্ষিত হয় তাহলে কলেজ কর্তৃকপক্ষ দায়ী থাকবে না।
- বিঃদ্র: পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য নিয়মাবলী ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে।


অধ্যক্ষ ২৫.৩.২০২৫

মুরারিচাঁদ কলেজ, সিলেট

স্বা.